

Tinku Roy
Minister



सत्यमेव जयते

Government of Tripura
Department of Youth Affairs & Sports
Social Welfare & Social Education
and Labour
Civil Secretariat, Capital Complex
Agartala - 799 010
☎ : 0381 241 4040 / 241 4005
email : min.swse2023@gmail.com

৫৫-তম জাতীয় সুরক্ষা দিবস ও জাতীয় সুরক্ষা মাস উপলক্ষে মাননীয় শ্রমমন্ত্রীর বার্তা

আজ ৪ঠা মার্চ ২০২৬, সারা দেশের সাথে ত্রিপুরারও প্রতিটি কল-কারখানায় পালিত হচ্ছে ৫৫-তম জাতীয় সুরক্ষা দিবস। পাশাপাশি ৪ঠা থেকে ৩১শে মার্চ পর্যন্ত পালিত হবে জাতীয় সুরক্ষা মাস। এই উপলক্ষে ত্রিপুরার সরকারের ফ্যাক্টরীজ এন্ড বয়লার্স অর্গানাইজেশন ও বিভিন্ন কলকারখানা যথাযথ উদ্যোগ গ্রহণ করেছে।

অতীতে আমরা দেখেছি, সুরক্ষা নিয়ম-কানুন যথাযথভাবে পালন না করার ফলে এবং সচেতনতার অভাবে বহু শ্রমিক ভাই-বোন দুর্ঘটনার শিকার হয়েছেন এবং দুর্ঘটনায় অনেক সময় প্রাণহানি ঘটে, জাতীয় সম্পদের ক্ষতি হয়, পরিবেশও বিপর্যস্ত হয়। তাই দুর্ঘটনা রোধে পুরোমাসব্যাপী বিশেষ সুরক্ষা সচেতনতা প্রচার চালানো হবে।

শিল্প সম্প্রসারণের সাথে সাথে দুর্ঘটনা প্রতিরোধে আমাদের সর্বদা সতর্ক থাকতে হবে। এ বছরের জাতীয় সুরক্ষা দিবস ও মাসের মূল থিম হলো -

“ নিরাপত্তা বৃদ্ধিতে জনগণকে সম্পৃক্ত করুন, শিক্ষিত করুন এবং ক্ষমতায়ন করুন ”

রাজ্য সরকার শিল্পক্ষেত্রে দুর্ঘটনা রোধে সুরক্ষা ব্যবস্থার উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। আমাদের মনে রাখতে হবে-একটি দুর্ঘটনা শুধু একজন শ্রমিক নয়, তার পরিবার, সমাজ এবং গোটা দেশকে ক্ষতিগ্রস্ত করে। একমাত্র সচেতনতাই দুর্ঘটনা প্রতিরোধের মূল চাবিকাঠি। সচেতনতা শুরু করতে হবে নিজস্ব উদ্যোগে-ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম ব্যবহার, নিয়ম-কানুন কঠোরভাবে পালন এবং অন্যদের সচেতন করার দায়িত্ব মাধ্যমে।

ত্রিপুরা সরকারের ফ্যাক্টরীজ এন্ড বয়লার্স অর্গানাইজেশন কর্তৃক জারি করা নির্দেশাবলী যথাযথভাবে প্রয়োগের পাশাপাশি শ্রমিক, মালিক ও সংশ্লিষ্ট সংগঠনগুলিকে আমি আহ্বান জানাচ্ছি-সুরক্ষা বিধি মেনে চলুন, দুর্ঘটনা এড়ান। শিল্পক্ষেত্রে সুরক্ষা নিশ্চিত করে আমরা সবাই মিলে এগিয়ে যাবো “বিকশিত ভারত ২০৪৭”-এর লক্ষ্যে। আমার দৃঢ় বিশ্বাস, কল-কারখানার প্রতিটি মানুষ সুরক্ষা বিধি মেনে চলবেন এবং ত্রিপুরায় দুর্ঘটনামুক্ত কর্মপরিবেশ গড়ে তুলবেন।

ধন্যবাদান্তে,

[শ্রী টিংকু রায়]